

পেত্নী ও রাজকুমার

(blackhash.weebly.com)

অনেকদিন আগের কথা। রাজকুমার রাজিব সিংহ বিয়ে করে বউকে নিয়ে রাজ্যে ফিরে আসছিলেন। পেছনে আর এক নৌকাতে করে রাজকুমারের বাবা,মা আসছিলেন। সবকিছু ভালই চলছিল। হঠাৎ নদীতে ভীষণ ঝড় উঠল। ঝরে সবকিছু ভেঙ্গে যাচ্ছিল। রাজকুমার সে সময় ঘুমিয়ে পরেছিলেন। হঠাৎ নদীতে থেকে এক বিশাল পেত্নী বের হয়ে এল। তার চোখ দিয়ে রক্ত পড়ছিল। সেই পেত্নী নদীতে উঠে এসে রাজকুমারের বউকে গলা টিপে মেরে নদীতে ফেলে দিল। আসলে পেত্নীটাই নদীতে ঝড় তুলেছিল আবার সেই ঝড় বন্ধ করে রাজকুমারের বউয়ের রূপ ধরে নৌকাতে বসে থাকল। সেই ঝড় কমলো সেই রাজকুমারের ঘুম ভাঙল। সে উঠে জিজ্ঞেস করল কি হয়েছে? তার এ কথায় সবাই অবাক হল কারণ এত ঝরের মধ্যেও কেউ ঘুমাতে পারে! কিন্তু কেউ কিছু বলল না।

এরপর তারা প্রাসাদে পৌঁছে গেল। প্রাসাদে থাকতে থাকতে হঠাৎ সবাই লক্ষ করল রাজকুমার দিন দিন দুর্বল হয়ে পরছে। এর কারণ রাজকুমার নিজেও জানে না। কিন্তু রাজকুমারের ছোট ভাই খুব বুদ্ধিমান। তার একটু একটু সন্দেহ হল। সে একদিন লুকিয়ে রাজকুমারের ঘরে গিয়ে উকি দিল। এতে সে যা দেখল তাতে অজ্ঞান হয়ে যাবার কথা। সে দেখল রাজকুমার যখন ঘুমায় তখন তার বউ তার চোখা দুটি দাত দিয়ে রাজকুমারের গলা থেকে রক্ত চুষে খাচ্ছে। সে এই খবর পরেরদিন রাজা, রানিকে জানাল। তারা ভয় পেল কিন্তু রাজকুমারের ছোট ভাই বলল ভয়ের কিছু নেই সে সব সামলে নেবে। এরপর রাতে সে গিয়ে যখন দেখল রাজকুমারের গলা থেকে পেত্নীটা রক্ত চুষে খাচ্ছে সে যেয়ে তার গলা কেটে ফেলল আর সাথে সাথে পেত্নীটা মারা গেল। এভাবে রাজকুমার বেচে গেল। সবাই ছোট ভাইয়ের প্রশংসা করল।

বন্ধুরা, ভুতের এই পেত্নী ও রাজকুমারের গল্পটি শেষ। তোমরা এরকম আরও সুন্দর সুন্দর ভুতের, রহস্যজনক আর কমিক পেতে পার blackhash.weebly.com এই ঠিকানা থেকে আর তোমরা নিজেরাও গল্প লেখে আমাদের পাঠাতে পার। আমরা তোমাদের গল্প আমাদের ওয়েবসাইট এ দেব। গল্প পাঠানোর ঠিকানাঃ

pritamchakraborty17@yahoo.com